দর্শনা প্রেস ক্লাবে জরুরী সভা ও দৈনিক আমার সংবাদ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালন

দর্শনা প্রেস ক্লাবে জরুরী বৈঠক ও দৈনিক আমার সংবাদ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল শুক্রবার বিকালে দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ এ বৈঠকে আলোচ্য বিষয় সমূহের মধ্যে ছিলো প্রেস ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালন, নবগঠিত দুটি কমিটির শপথ, অভিষেক, উপদেষ্টা মন্ডলীদের সাথে সৌজন্য স্বাক্ষাত, প্রধান পৃষ্টপোষক, প্রধান উপদেষ্টাকে ফুলেল শুভেচ্ছা, সৌজন্য আলাপচারিতা, ক্লাব/সমিতির মাসিক চাঁদা পরিশোধ, সম্প্রতি প্রেস ক্লাব নিয়ে বিভ্রান্ত সৃস্টিকারীদের দমনে পরামর্শ ও কোভিড-১৯ টিকা গ্রহণসহ বিবিধ আলোচনা ও প্রস্তুতি অনুষ্ঠিত হয়েছে।

এরপর জজাতীয় দৈনিক আমার সংবাদ পত্রিকা ৯ম বছরে পদার্পণ উপলক্ষে কেক কেটে উৎযাপন করা হয়েছে। পৃথক দু’টি অনুষ্ঠানের মধ্যে জরুরী সভা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রেস দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

আমার সংবাদ পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি মোঃ জিল্লুর রহমান মধুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল। প্রেস ক্লাবের জরুরী সভা ও পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হারুন অর রশীদ রাজু, সাংবাদিক সমিতির সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি,

তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেস ক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

সাধারণ সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন- মাসুম বিল্লাহ, ইমতিয়াজ

আহমেদ রয়েল, আ: রহমান, ওয়াসিম রয়েল, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, সুকোমল চন্দ্র বাঁধন, আ: হান্নান প্রমুখ।

মেহেরপুরে শ্রী শ্রী রটন্তী কালী পূজার তৃতীয় দিনে উৎসব মুখর ভীড়

শীতের আগমনে প্রকৃতি শান্ত সাজে সজ্জিত। এমনই এক স্নিগ্ধি পরিবেশে ৫ দিন ব্যাপী দ্বিতীয়বারের মত শ্রী শ্রী রটন্তী কালী পূজার তৃতীয় দিনে উৎসব মুখর ভীড় করেছে দর্শণার্থীরা
গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর সদর উপজেলার আমঝুপির শ্মশানঘাটে শ্রী শ্রী তারকব্রক্ষ মহানাম যজ্ঞানুষ্টানের আয়জনে শত শত শরণার্থীদের উপস্থিতিতে তৃতীয় দিন পালন হলো।

এ সময় সভাপতি অনিল গোঁসাই জানান, হিন্দু ধর্মে মা কালীর মহিলা সর্বজনবিদিত। বিভিন্ন তিথিতে বিভিন্ন রূপে পূজিত হন দেবী। মাঘ মাসের চতুর্দশী অমাবস্যায় হয় রটন্তী কালীপূজা হয়। আর বুধবারই ছিল সেই পূণ্য তিথি। তাই এদিন সারারাত ধরে পূজা হয়েছে বিভিন্ন মন্দিরে। এই বিশেষ দিনেই দেবীর মহিমা চতুর্দিকে রটে যায়।

মুক্তকেশী মায়ের মহিমা এই তিথিতেই সর্ব স্তরে রটিত হয়ে থাকে। আবার এদিনই দেবী ছিন্নমস্তার আবির্ভাব তিথি বলে জানা যায়। দেবী পার্বতী তাঁর সহচরী দের ক্ষুধা মেটানোর জন্য নিজ মুণ্ড কেটে ত্রিধারায় রক্তবারি প্রকট করেছিলেন।

এ সময় তিনি আরও বলেন গত বছরের তুলনায় এই বছরে অধিক দর্শণার্থীদের সমগোম লক্ষ করা যাচ্ছে, গতবছরের তুলনাই এই বছর প্রতিদিন ভোগ খাচ্ছে প্রায় ১৫০০ এর বেশি মানুষ এটা দেখে আমরা মুগ্ধ হচ্ছি যেমন ঠিক তেমনিভাবে কষ্টও পাচ্ছি যে আর কিছুদিন পরেই ধর্মীয়ভাবে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়েই মা আমাদের ছেড়ে বিদায় নেবে।

দর্শনা থানা পুলিশের অভিযানে গাঁজাসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে এক কেজি গাঁজাসহ মোঃ বাবুল আক্তার (৪৫) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল দুপুর ২.৩০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব এস আই শরিফুল, এএসআই শাহিন, এএসআই মামুন, এএসআই কুদ্দুস এবং সঙ্গীয় ফোর্স নিয়ে খুরশিদ পুর আসামির নিজ বাড়ীর উঠান থেকে এক কেজি গাঁজাসহ আসামি বাবুল আক্তারকে গ্রেফতার করা হয়।

জানা গেছে, আসামি চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন খুরশিদ পুর গ্রামের পিতা মোঃ হারেজ আলীর ছেলে। পুলিশ জানায় গ্রেফতার কৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়র আহম্মেদ আলীকে সংবর্ধনা

মেহেরপুরের গাংনী পৌরসভার নব-নিবাচিত মেয়র আহম্মেদ আলীকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল শুক্রাবার বিকালে গাংনী পৌরসভা চত্বরে সংবর্ধনার আয়োজন করে গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়ন জয় পরিষদ।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সভাপতি রোকনুজ্জামান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়র ও আওয়ামী লীগের নেতা আহম্মেদ আলী।

এ সময় বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী নাজমুস সাদাত, গাংনী

পৌরসভার উচ্চমান সহকারী জামিরুল ইসলাম টিক্কা, কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সাধারণ সম্পাদক ও স্থানীয় ইউপি নির্বাচনের সম্ভাব্য মেম্বর প্রার্থী রবিউল ইসলাম ডাবলু।

অন্যান্যদের মধ্য বক্তব্য রাখেন কাজীপুর ইউনিয়ন জয় পরিষদের সদস্য যথাক্রমে বাবু আহমেদ, জহিরুল ইসলাম, তরিকুল ইসলাম, নয়ন হোসেন, তিতাস হোসেন, বাদশা মিয়া, তরিকুল ইসলাম, মুস্তাকিম হোসেন ও শ্যামল হোসেন প্রমুখ।

কুড়ুলগাছির মামুন স্টোরে দিনে দুপুরে আবারো প্রায় ৪ লক্ষ টাকা চুরি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি বাজারের মের্সাস মামুন স্টোরে এবার দিনে দুপুরে চুরির ঘটনা ঘটেছে।

১২ ফেব্রুয়ারি গতকাল শুক্রবার জুম্মার নামাযের সময় দোকানের টিনের চালা কেটে চোরেরা আনুমানিক ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে বলে দাবী করছেন দোকান মালিক আল মামুন (বাবু)। চুরির ঘটনায় দোকানে থাকা সিসি ক্যামেরায় চোরকে সনাক্ত করতে চেষ্টা চালানো হচ্ছে। এই ঘটনায় দর্শনায় থানার এস আই সাইফুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করছেন।

দোকানের মালিক আল মামুন (বাবু) জানান, প্রতিদিনের ন্যায় গতকাল শুক্রবার দোকানের বেচাকেনা শেষ করে দোকান বন্ধ করে জুম্মার নামাযের জন্য বাড়ি চলে যায়। নামায শেষে বাড়িতে এসে সিসি টিভি ক্যামেরায় দোকানের জিনিস এলোমেলো দেখে সন্দেহ হলে দ্রুত দোকানে গিয়ে দেখি দোকানের মালামাল ক্রয় করার জন্য রাখা ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে চোরচক্র।

দোকানে থাকা সিসি টিভি ক্যামেরায় চোরকে সনাক্তের চেষ্টা চালানো হচ্ছে। ভিডিও ফুটেজ ঝাপসা হওয়াতে সনাক্তের কাজে একটু

সমস্যা হচ্ছে।

দর্শনা থানার এস আই সাইফুল ইসলাম জানান, সিসি ক্যামেরায় ধারন হওয়া ফুটেজ দেখে চোরকে সনাক্তের চেষ্ঠা চালানো হচ্ছে। তবে এই রির্পোট লেখা পর্যন্ত পুলিশ ভিডিও পর্যবেক্ষণ করছেন।

জীবননগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ২০২১ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

জীবননগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ২০২১ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীতে ছাত্র- ছাত্রী ভর্তি কার্যক্রম চালু করতে অভিভাবক ও স্থানীয় লোকজনের অবহতি ও উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০টার সময় মনোহরপুর অবস্থিত জীবননগর কারিগারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় প্রধান অতিথি বক্তব্যে বলেন, যুবদের কর্মঠ হিসেবে গড়ে তুলতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বদ্ধপরিকল্পনা ছিল। সেটি আজ বাস্তবে পূরণ করছেন জননেন্ত্রী শেখ হাসিনা। বর্তমান সরকার কারিগারি শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেছে। কারিগারি শিক্ষায় শিক্ষা গ্রহণ করলে চাকরীর আসায় বসে থাকা লাগবে না।

দেশের বিভিন্ন উপজেলায় নির্মিত ১০০টি কারিগারি স্কুল এন্ড কলেজের মধ্যে প্রথম ধাপে আমাদের জীবননগরসহ ৩৫টি কারিগারি স্কুল এন্ড কলেজ খুব শিঘ্রই উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সন্তানকে দক্ষ হিসেবে গড়ে তুলতে জীবননগর কারিগারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে ৬ষ্ঠ ও ৯ম শ্রেীণতে ভর্তি করে দেশের অর্থনেতিক চালিকা শক্তি আরও বৃদ্ধি করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কারিগারি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব(উন্নয়ন)অজিত কুমার ঘোষ, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর খুলনা সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আটম মারুফ আল ফারুকী, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,

সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খানসহ চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষকবৃন্দ ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ২০২১ শিক্ষাবর্ষে ভর্তি ফরম বিতরণ করা হবে চলতি মাসের ১৫ তারিখ থেকে। ৬ষ্ঠ শ্রেণীতে ১২০জন এবং ৯ম শ্রেণীতে ৯০জন শিক্ষাথী ভর্তি হওয়ার সুযোগ পাবে ।

জীবননগরে জমি দখল করাকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষ আহত-৪

জীবননগরে জমি দখল করাকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষে ৪ জন আহত হয়েছে। গত বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার সময় জীবননগর পৌর সভার ৮নং ওর্য়াড বসতি পাড়ায় এ ঘটনা ঘটে ।

এতে আহত হন জাহানারা বেগম, ছলেমান মোল্লা, জাকির মোল্লা এবং রুপা খাতুন। এ সময় স্থানীয় জনগণ আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রে ভর্তি করেন।

আহত ছলেমান মোল্লা অভিযোগ করে বলেন, আমার মায়ের জমি আমরা ভাগ পেয়েছে কিন্তু আমার মামা মমিন মোল্লা, ইবরাহিম মোল্লা, রফিক মোল্লা ও মতি মোল্লা জমি দিতে অপরাগত জানায়।

তারা জোর করে দখল করার জন্য চেষ্ঠা করতে থাকে, আমরা প্রতিবাদ করলে তারা আমাদের উপর হামলা করে এবং দেশীয় অস্ত্র, লাঠি দিয়ে পিটিয়ে রক্তাত্ব জখম করে।

অভিযুক্ত মমিন মোল্লার সাথে কথা বললে তিনি বলেন আমরা কারও জমি দখল করিনি এবং কাউকে মারধর করিনি যারা আমাদের বিরুদ্ধে অভিযোগ করেছে তার মিথ্যা অভিযোগ করেছে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম বলেন, পৌর সভার ৮নং ওয়ার্ডের বসতি পাড়ায় জমি জায়গা নিয়ে যে সংঘর্ষ হয়েছে এ বিষয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। বিষয়টি তদন্ত করা হচ্ছে, তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১নং সাধুহাটী ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে কর্মীসভা

ঝিনাইদহ সদরের অন্তর্গত-১ নং সাধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে একটি কর্মীসভার আয়োজন করা হয়।

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-হরিণাকুন্ডু২ আসনের সংসদ সদস্য জনাব তাহজীব আলম সিদ্দিকী সমি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান বাবু কনক কান্তি দাস, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জনাব মাহমুদুল ইসলাম ফোটন, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি জনাব এ্যাড. আব্দুর রশিদ, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের বিপ্লবী সাধারণ সম্পাদক এবং পোড়াহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম হিরণ, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি

শেখ মোঃ মোজাম্মেল হোসেন ও সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদসহ ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সহ-সভাপতি এবং ঝিনাইদহ সরকারি কেসি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সুমন বিশ্বাস।

উক্ত সভায় সভাপতিত্ব করেন সাধুহাটী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব মোঃ রেজাউল মন্ডল সহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ,সে¦চ্ছাসেবক লীগ, কৃষকলীগসহ বিভিন্ন অঙ্গসংগঠন এবং সহযোগী সংগঠন এর নেতৃবৃন্দ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ঝিনাইদহ ছাত্রকল্যাণ পরিষদের নবীনবরণ ও বনভোজন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঝিনাইদহ জেলা ছাত্রকল্যাণ পরিষদের নবীনবরন, বনভোজন ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে জোহান ড্রীম ভ্যালী পার্কে এ আয়োজন করা হয়।

ঝিনাইদহ জেলা ছাত্রকল্যাণ পরিষদের সভাপতি রিগ্যান আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ -১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাদপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, কালীগঞ্জ কমিউনিটি পুলিশিং ফোরামের সাধারণ সম্পাদক ইমদাদুল হক সোহাগ।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি শফিকুর রহমান রানা, যুগ্ম-সাধারণ সম্পাদক নাছিম রেজা, সাংগঠনিক সম্পাদক সম্রাট আকবর, এম তুহিনুজ্জামান তুহিন, আনিছুর রহমান শিশির।

অনুুষ্ঠান সঞ্চালনা করেন জেলা ছাত্রকল্যাণ পরিষদের আবু সাঈদ মোহাম্মদ মানিক। বক্তারা ছাত্রকল্যাণ পরিষদের সকল প্রকার সহযোগিতার হাত বাড়ানোর আশ্বাস প্রদান করেন।

গলায় ফাঁস নিয়ে হরিণাকুণ্ডুতে কলেজ ছাত্রীর আত্মহত্যা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে গলায় ফাঁস নিয়ে কলেজ ছাত্রী আত্মহত্যা করেছে। গত বৃহস্পতিবার বিকাল চারটার দিকে উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়নের রিশখালী গ্রামে এই ঘটনা ঘটে।

নিহত লিমা খাতুন একই গ্রামের মহৎ আলীর দ্বিতীয় কন্যা ও স্থানীয় ডাক বাংলা আঃ রউফ ডিগ্রি কলেজের ডিগ্রী ১ম বর্ষের শিক্ষার্থী বলে জানা যায়।

এ ব্যাপারে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী সেকেন্দার আলী জানান, মেয়েটি খুব শান্তশিষ্ট ছিল। কি কারণে নিজ শয়নকক্ষে গলাই ফাঁস নিয়ে মৃত্যুবরণ করেছে তার সঠিক কারণ জানা নাই।

তিনি আরো জানান, তার পরিবার ঢাকায় থাকেন, লিমা নানার কাছে থাকতেন।

এব্যাপারে হরিণাকুণ্ডু থানার ওসি তদন্ত এনামুল হক জানান, নিহত লিমা খাতুন গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করে মৃত্যুবরণ করেছে বলে প্রাথমিক ভাবে জানাগেছে।

তবে ময়নাতদন্তে পর মৃত্যুর ব্যাপারে বিস্তারিত জানা যাবে। এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।